দৈনিক খবর

~~৫৮~~ ৫৭

তারিখ 19 MAY 1989
পৃষ্ঠা ১ কলাম ৭

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# বিজ্ঞান একাডেমী ফাউন্ডেশন ট্রাস্ট উদ্বোধন

বাসস জানায়, নোবেল বিজয়ী অধ্যাপক আবদুস সালাম গতকাল বৃহস্পতিবার আনুষ্ঠানিকভাবে বাংলাদেশ বিজ্ঞান একাডেমী ফাউন্ডেশন ট্রাস্ট উদ্বোধন করেন। ট্রাস্টের উন্নয়নের লক্ষ্যে তৃতীয় বিশ্বের বিজ্ঞান একাডেমীসমূহ

শেষ পৃষ্ঠায় ৩য় কলামে

থেকে তিনি যথাসম্ভব বেশী তহবিল অনুদানের আশ্বাস দেন। বাংলাদেশ কৃষি গবেষণা পরিষদের (বিএআরসি) সবুজ লনে ট্রাস্টের উদ্বোধনী অনুষ্ঠানে শীর্ষ বিজ্ঞানী ও গবেষকদের উদ্দেশে বক্তৃতাকালে অধ্যাপক সালাম বলেন, ট্রাস্ট গঠন বিজ্ঞান ও প্রযুক্তির উন্নয়নে বাংলাদেশী বিজ্ঞানীদের একটি চমৎকার ধারণা।

অধ্যাপক সালাম আশাবাদ ব্যক্ত করেন যে, ট্রাস্ট বাংলাদেশে বিজ্ঞান ও প্রযুক্তির অগ্রগতিতে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। বাংলাদেশেরই একজন হিসেবে নিজেকে গর্বিত বর্ণনা করে নোবেল বিজয়ী বিজ্ঞানী তৃতীয় বিশ্বের বিজ্ঞান একাডেমী থেকে বাংলাদেশ বিজ্ঞান একাডেমী ফাউন্ডেশন ট্রাস্টের জন্য বার্ষিকী অনুদানের আশ্বাস দেন।